# মার্চ,২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত পানছড়ি উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব **চন্দ্র দেব চাকমা**, প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, পানছড়ি। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, পানছড়ি, খাগড়াছড়ি । |
| সভার তারিখ ও সময় | : | ৩০ মার্চ, ২০২২খ্রি: ; সময় : বেলা ১০.৩০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যদের নাম | : | পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য। |
| বিবেচ্য মাস | : | ফেব্রুয়ারী, ২০২২খ্রি:। |

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অত:পর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি কে অনুরোধ করেন। শুরুতে গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। অত:পর কার্যবিবরণীতে কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নিম্মবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী | গত সভার কার্যবিবরণী অনুমোদিত। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি। |
| **২** | উপজেলা কমিটিসমূহের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা কমিটিসমূহের সভা অনুষ্ঠিত না হওয়ায় কোন প্রস্তাব পাওয়া যায়নি। এর পরিপ্রেক্ষিতে নিয়মিত সভা আহ্বান করে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার পূর্বে উপজেলা কমিটির সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | **সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিবগণ।** |
| ৩ | **স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান যে, বহি: বিভাগে উপস্থিতি রোগীর সংখ্যা ৩১৩৪ জন, জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৯০ জন, অন্ত:বিভাগে ভর্তি রোগীর সংখ্যা ২৪১ জন। হাসপাতালে প্রসূতি ডেলিভারী রোগীর সংখ্যা ১৩ জন, মোট এএনসি-১ম ৫৫ জন, ৪র্থ-৪৯ জন এবং পিএনসি ৪০ জন। ম্যালেরিয়া রোগীর সংখ্যা- নাই। টিবি রোগীর সংখ্যা= ১৩ জন। অত্র উপজেলায় কোভিড-১৯ নিবন্ধিত সংখ্যা ৪১০৭২ জন, ১ম ডোজ প্রদান ৪০৮১৫ জন, দ্বিতীয় ডোজ ৪০৩৮২ জন, প্রদান করা হয়নি ২৫৭ জন মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) কোভিড-১৯ টীকা প্রদান কার্যক্রম শতভাগ নিশ্চিত করণের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, পানছড়ি। |
| ৪ | **পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, সর্বমোট সক্ষম দম্পতির সংখ্যা ১২০৯০ জন, খাবার বড়ি গ্রহণকারী (নতুন) ৫৮ জন, কন্ডম ব্যবহারকারী (নতুন) ১৭ জন, মোট ইনজেকশন গ্রহণকারী (নতুন) ০৭ জন, আইইউডি গ্রহণকারী (নতুন) ০৬ জন, স্থায়ী পদ্ধতি- পুরুষ বন্ধ্যাকরণ, মহিলা বন্ধ্যাকরণ ০০ জন, গর্ভখালাস ০২ জন, সাধারণ রোগী সেবা ৯৪৮ জন, নব দম্পতির সংখ্যা (নববিবাহিতা) ১৩ জন, সর্বমোট পরিবার পরিকল্পনা গ্রহণকারী (নতুন+পুরাতন) ৯৪২১ জন, সর্বমোট গ্রহণকারীর হার ৭৭.৯২%, উপজেলার মোট জনসংখ্যা ৬৫১২৫ জন, উপজেলার জনসংখ্যার বৃদ্ধির হার ০.০৭% মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) নির্দেশনা মোতাবেক পরিবার পরিকল্পনা বিভাগের স্বাস্থ্য সেবা ও দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পানছড়ি। |
| ৫ | **কৃষি বিভাগ :** উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, মাঠে বিদ্যমান বোরো ফসলের উৎপাদন কাংখিত পর্যায়ে পৌঁছার লক্ষ্যে ব্লক পর্যায়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে তদারকি এবং পরামর্শ কার্যক্রম জোরদার রয়েছে। চলতি মাসে বরাদ্দকৃত ইউরিয়া ১৯০ | (ক) উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে মাঠ পর্যায়ে তদারকি এবং পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | মে.টন. টিএসপি ৬০ মে.টন. ডিএপি ৩৬ মে.টন এবং এমওপি ২৭ মে.টন সংশ্লিষ্ট ডিলারের মাধ্যমে উত্তোলন করে সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে বিক্রি কার্যক্রম চলমান রয়েছে।<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে কৃষকদের প্রশিক্ষণ ব্যাচ সম্প্রতি সম্পাদন করা হবে মর্মে সভায় উপস্থাপন করেন। | (খ) পর্যাপ্ত পরিমাণে সার মওজুদ রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে কৃষকদের প্রশিক্ষণ ব্যাচ নির্দিষ্ট সময়সীমার মধ্যে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | |
| ৬ | **<u>মৎস্য বিভাগ :</u>** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, চলতি মাসে ০৫ জন মাছ চাষীকে অফিসে পরামর্শ প্রদান এবং ৫টি প্রশিক্ষণপ্রাপ্ত চাষীর খামার পরিদর্শন করা হয়েছে। মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল কার্যক্রমে আওতায় সর্বমোট ৮.২৩৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। অনাদায়ী ঋণের পরিমাণ ৩.৬৫৯২০ লক্ষ টাকা। আদায় হার ৫৬%। তিনি আরো জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা উন্নয়ন ও পরিচালন প্রকল্পের আওতায় “কার্প জাতীয় মাছের মিশ্রচাষ ও মৎস্য নার্সারী ব্যবস্থাপনা” বিষয়ে বিভিন্ন ইউনিয়নে ০২ ব্যাচে মোট ৭০ জন মাছ চাষীকে ০২ দিন করে ০৪ দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব চন্দ্র দেব চাকমা, প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, পানছড়ি এবং জনাব রুবাইয়া আফরোজ, উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি, খাগড়াছড়ি। প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন জনাব ড. মঈন উদ্দিন আহমদ, জেলা মৎস্য কর্মকর্তা এবং জনাব মো: আবুল কালাম আজাদ, সিনিয়র সহকারী পরিচালক মহোদয়গণ। পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় চলতি অর্থবছরে মোট ৪০জন সুফলভোগীকে প্রশিক্ষণ দেয়া হয় এবং গরীব ও অসহায় নিবন্ধিত ৫ জন জেলে পরিবারের মাঝে এককালীন সহায়তা হিসেবে প্ররিবার প্রতি ৬টি করে ছাগল বিতরণ করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রমে ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল কার্যক্রমের আওতায় অনাদায়ী ঋণ আদায়ের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) লক্ষ্যমাত্রানুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(ঘ) উপজেলা উন্নয়ন ও পরিচালন প্রকল্প হতে সুন্দর একটি প্রশিক্ষণ আয়োজনের জন্য মৎস্য কর্মকর্তা সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট কৃতজ্ঞতাসহকারে ধন্যবাদ জ্ঞাপন করেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পানছড়ি |
| ৭ | **<u>প্রাণি সম্পদ বিভাগ :</u>** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, সংক্রমণ রোগ প্রতিরোধে গবাদি টিকা প্রদান ৫৫০ মাত্রা, হাঁস-মুরগী টিকা প্রদান ১০,৩০০ মাত্রা, গবাদি পশু চিকিৎসা ১৪০৯টি, হাঁস-মুরগী চিকিৎসা ৯১৮৫ টি, কৃত্রিম প্রজনন ৫৬টি, রাজস্ব আদায়: গবাদি পশু হাঁস-মুরগী টিকা বিক্রয় বাবদ ২১৭৫ টাকা, কৃত্রিম প্রজনন ফি বাবদ ১৬৮০ টাকা, খামার পরিদর্শন ও উঠান বৈঠক ০৫টি মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) খামার পরিদর্শন ও উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) লক্ষ্যমাত্রানুযায়ী রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>(গ) ইউনিয়ন ভিত্তিক ওয়ার্ড পর্যায়ে মেডিকেল টিম গঠনের মাধ্যমে প্রাণী চিকিৎসা সেবা কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পানছড়ি। |
| ৮ | **<u>স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :</u>** উপজেলা প্রকৌশলী (এলজিইডি) সভায় উপস্থিত না থাকায় এ বিভাগের অগ্রগতি সর্ম্পকে জানা যায় নি। একইসাথে গুরুত্বপূর্ণ বিভাগের দপ্তর প্রধান হিসেবে অধিকাংশ সময় সভায় অনুপস্থিত থাকা এবং অগ্রগতি উপস্থাপন না করায় সভায় উপস্থিত সকলেই অসন্তোষ প্রকাশ করেন। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পানছড়ি। |

<table>
<tr>
<td>৯</td>
<td><u>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :</u> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যক্রম নিয়ে উপস্থাপন করা হলো।<br>
<u>টি.আর সাধারণ ২য় কিস্তি (উপজেলাওয়ারী)</u>
<table>
<tr><th>বরাদ্দকৃত নগদ অর্থ</th><th>প্রকল্প সংখ্যা</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>২৫,৪০,৮১২.৯৬</td><td>২২টি</td><td>৫০%</td></tr>
</table>
<u>টি.আর ২য় পর্যায় (মাননীয় সংসদ সদস্য)</u>
<table>
<tr><th>বরাদ্দকৃত নগদ অর্থ</th><th>প্রকল্প সংখ্যা</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>১১,০০,০০০/-</td><td>০৭টি</td><td>প্রক্রিয়াধীন</td></tr>
</table>
<u>টি.আর (সংরক্ষিত মহিল আসনের মাননীয় সংসদ সদস্য)</u>
<table>
<tr><th>বরাদ্দকৃত নগদ অর্থ</th><th>প্রকল্প সংখ্যা</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>১৮,৩৬,০০০/-</td><td>১১টি</td><td>৫০%</td></tr>
</table>
<u>মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের বীর নিবাস :</u>
<table>
<tr><th>ঘরের সংখ্যা</th><th>মোট প্রাক্কলিত মূল্য</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>০৪টি</td><td>৫৩,৭৪,৪৭২/-</td><td>৬০%</td></tr>
</table>
<u>হেরিং বোন বন্ড (এইচবিবি) প্রকল্প ২য় পর্যায় :</u>
<table>
<tr><th>প্রকল্প সংখ্যা</th><th>মোট প্রাক্কলিত মূল্য</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>০১টি</td><td>৭০,২১,০০০/-</td><td>৩৫%</td></tr>
</table>
<u>ভুমিহীন ও গৃহহীনদের ঘরের বরাদ্দ (৩য় পর্যায়):</u>
<table>
<tr><th>ঘরের সংখ্যা</th><th>মোট প্রাক্কলিত মূল্য</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>৯৬টি</td><td>২,৩০,৪০,০০০/-</td><td>৭০%</td></tr>
</table>
</td>
<td>(ক) কাজের গুণগত মান বজায় রেখে তাঁর দাপ্তরিক উন্নয়ন কর্মসূচির কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br><br>
(খ) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>
(গ) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক নির্দিষ্ট সময়সীমার মধ্যে উন্নয়ন মূলক কার্যক্রমের বাস্তবায়ন কাজ সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>১০</td>
<td><u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :</u> সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, ৫৮টি গ্রামসমূহে পানি সরবরাহ স্যানিটেশন প্রকল্পের আওতায় অত্র উপজেলার মনিপাড়া গ্রামের কাজ সমাপ্ত হওয়ায় গত ২৮ মার্চ,২০২২খ্রি: তারিখ প্যানেল চেয়ারম্যান-১ মহোদয় কে নিয়ে শুভ উদ্বোধন করা হয়। বাকীকাজগুলো চলমান আছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২৬০টি নলকূপে মধ্যে ২০০টি নলকূপের কাজ সম্পাদন করা হয়েছে। বাকী কাজগুলো দ্রুত সম্পাদনের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে তাগিদ দেয়া হয়েছে। স্কুল পর্যায়ে অত্র উপজেলায় জিপিএস প্রকল্পের আওতায় ৪টি বিদ্যালয়ে দ্বিতল ওয়াশ ব্লকের নির্মান কাজ ৮০%। তাছাড়া সুপেয় পানি নিশ্চিতকরণসহ ৭টি বিদ্যালয়ে হাত ধোয়ার বেসিনসহ নলকূপের কাজ চলমান রয়েছে ইতিমধ্যে বড় পানছড়ি উত্তর সর: প্রা: বিদ্যালয় এবং লোগাং বাজার সর: প্রা: বিদ্যালয়ে কাজ শুরু করা হয়েছে। আশ্রয়ন প্রকল্পের গুচ্ছগ্রাম এলাকায় সকল ইউনিয়নে ২৫টি গভীর নলকূপ স্থাপন করা হবে। ইতিমধ্যে পানছড়ি সদর ইউনিয়নে দমদম, কালানাল, বড় সাঁওতাল পাড়ায় ৩টি নলকূপ স্থাপন করা হয়েছে। ৫নং উল্টাছড়ি ইউনিয়নে মোল্লাপাড়ায় এবং চেঙ্গী ইউনিয়নে নীলমনি হেডম্যান পাড়ায় কাজ চলমান রয়েছে এবং চলতি অর্থবছরে নতুনভাবে ১৩০টি নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে। স্থান নির্বাচন চুড়ান্ত করার পর কার্যাদেশ পাওয়া গেলে কাজ শুরু করা হবে মর্মে জানান। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক।</td>
<td>(ক) নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ বিধি অনুযায়ী বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br><br>
(খ) স্কুল পর্যায়ে জিপিএস প্রকল্পের আওতায় ৪টি বিদ্যালয়ে দ্বিতল ওয়াশ ব্লকের অসমাপ্ত কাজ নির্দিষ্ট সময়সীমার মধ্যে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।<br><br>
(গ) স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।</td>
<td>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) পানছড়ি।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১১ | **প্রাথমিক শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, পানছড়ি। |
| ১২ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, ২০২৩খ্রি: শিক্ষাবর্ষের বিনামূল্যের ইবতেদায়ী স্তরের (১ম-৫ম), দাখিল স্তরের (৬ষ্ঠ-৯ম) শ্রেণী এবং মাধ্যমিক স্তরের (৬ষ্ঠ-৯ম) শ্রেণীর পাঠ্য পুস্তকের চাহিদা এনসিটিবি তে প্রেরণ করা হয়েছে। মাধ্যমিক স্তরের (৬ষ্ঠ-১০ম) শ্রেণীর ছাত্র-ছাত্রীদের টিকা কার্যক্রম স্বাভাবিক এবং ফলিক এসিড ট্যাবলেট খাওয়ানো কার্যক্রম চলমান রয়েছে মর্মে জানান। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (ক) ২০২৩খ্রি: শিক্ষাবর্ষের বিনামূল্যে পাঠ্য পুস্তক প্রাপ্তি সাপেক্ষে যথাসময়ের বিতরণের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) স্কুল পর্যায়ে ক্ষুদে ডাক্তার দ্বারা ফলিক এসিড ট্যাবলেট খাওয়ানো কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পানছড়ি। |
| ১৩ | **সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজেসেবা কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তিসহ অনলাইন বিকাশ এজেন্টের মাধ্যমে ২য় কিস্তি পর্যন্ত প্রদান করা হয়েছে। এছাড়া ২০২১-২০২২ অর্থবছরে কলেজ পড়ুয়া ছাত্র/ছাত্রীদের এককালীন আর্থিক অনুদান পানছড়ি ডিগ্রী কলেজ হতে ৮৫ জন এবং চেংগী সারিবালা স্মৃতি মহাবিদ্যালয় হতে ১০ জনকে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা হারে প্রদান করা হয়। গরীব, দু:স্থ অসহায় ও প্রতিবন্ধী ব্যক্তি হিসেবে ১৩ জনকে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা হারে এককালীন আর্থিক অনুদান প্রদান করা হয়। ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস ও জন্মগত হৃদরোগ এর ০২ (দুই) জন রোগীকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অনুদান প্রদান করা হয়। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (ক) স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) নির্দেশনা অনুযায়ী অনুদানের টাকা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পানছড়ি। |
| ১৪ | **মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ ভিজিডি চক্রের ১৩৬৩ জনের ফেব্রুয়ারী,২০২২খ্রি: মাসের ডিও উত্তোলন ও বিতরণ সম্পন্ন হয়েছে। ভিজিডি উপকারভোগীদের ২০০ টাকা হারে সঞ্চয় ফেব্রুয়ারী, ২০২২ হতে আদায় কার্যক্রম চলমান আছে এবং আদায় কার্যক্রম ১০০%। ২০২১-২০২২ অর্থবছরে দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা উপকারভোগীদের স্ব-স্ব হিসাব নম্বরে ভাতা জমা হচ্ছে। সংশ্লিষ্ট উপকারভোগীর হিসাব নম্বর যাচাই-বাছাই পূর্বক ভাতা বিতরণ প্রক্রিয়া শুরু করা হবে। আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রমের ১৩তম ব্যাচের প্রশিক্ষণ চলমান আছে। প্রশিক্ষণ কেন্দ্রটি বলাকা ভবনের নীচ তলা হতে ২য় তলার পশ্চিম পার্শ্বের ফ্ল্যাটে স্থানান্তর করা হয়েছে। গ্রামীণ মহিলাদের আত্মনির্ভরশীল করার লক্ষ্যে অত্র কার্যালয় হতে বাস্তবায়িত ক্ষুদ্র ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৫টি ক্লাবে কার্যক্রম পরিচালিত হচ্ছে এবং পুষ্টি নাস্তা বিতরণ করা হচ্ছে এবং প্রতি মাসে ইউনিয়ন পর্যায়ে নারী শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ, যৌতুক ও ইভটিজিং বিষয়ে উঠান বৈঠক করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (ক) দরিদ্র মা'র মাতৃত্বকাল ভাতা স্ব-স্ব হিসাব নম্বরে জমা সাপেক্ষে ভাতা বিতরণ নিশ্চিতের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) ইউনিয়ন পর্যায়ে নারী শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ, যৌতুক ও ইভটিজিং বিষয়ে নিয়মিত উঠান বৈঠান কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কাজ বিধি অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পানছড়ি। |
| ১৫ | **পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, ক্রমপুঞ্জিত সমিতি গঠন ১৪১টি, ক্রমপুঞ্জিত সদস্য ভর্তি ১৫৫২ জন, ক্রমপূঞ্জিত শেয়ার জমা ৮.৫৮ | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | (লক্ষ টাকায়) টাকা, ক্রমপুঞ্জিত সঞ্চয় জমা ৬৭.২৩ (লক্ষ টাকায়), ক্রমপূঞ্জিত ঋণ আদায় ১৫৬৪.১২ (লক্ষ টাকায়), ক্রমপূঞ্জিত ঋণ বিতরণ ১৭৩৯.৩১ (লক্ষ টাকায়) টাকা, ক্রমপূঞ্জিত অডিট ৪০টি, ক্রমপূঞ্জিত এজিএম ৪০টি, ক্রমপূঞ্জিত নির্বাচন ৫৮টি, ক্রমপূঞ্জিত প্রশিক্ষণ ৯৩০টি মর্মে সভায় উপস্থাপন করেন। | (খ) খেলাপী ঋণ আদায়ের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) সদস্যদেরকে সঞ্চয়ী মনোভাবাপন্ন হওয়ার জন্য উদ্বুদ্ব করণের জন্য অনুরোধ করা হয়। | |
| ১৬ | **সমবায় বিভাগ :** উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, সমবায় সমিতি সমূহের অডিট কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে অডিট অফিসারের মাধ্যমে সম্পন্ন করা হবে। এ পর্যন্ত ধার্যকৃত সকল অডিট ফি পরিশোধ করে চালানের কপি জেলা সমাবায় কার্যালয় খাগড়াছড়িতে প্রেরণ করা হয়েছে। উপজেলার বাৎসরিক ক্যালেন্ডার ও অকার্যকর তালিকা জেলা সমবায় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। চলতি মাসে আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট ফেনীতে কৃষি বিষয়ক প্রশিক্ষণে ০২ জন সমবায় সমিতির সদস্য কে প্রেরণ করা হয়েছে এবং জেলা সমবায় কার্যালয়ের ভ্রাম্যমান ইউনিটি কর্তৃক অত্র উপজেলার ২৫ জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | (ক) বিধি অনুযায়ী সমবায়ী কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) সমবায় সমিতির সকল বিধি বিধান অনুসরণ পূর্বক সকল সদস্যদেরকে কার্যক্রম গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, পানছড়ি। |
| ১৭ | **যুব উন্নয়ন অধিদপ্তর :** যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলমান মাসে ক্রমপূঞ্জিত ঋণ বিতরণ ২,৮৩,৮৪,০০০/- টাকা, চলমান মাসে ঋণ আদায়যোগ্য ২,১৫,০০০/- টাকা, চলমান মাসে ঋণ আদায়কৃত ২,০২,৪০০/- টাকা চলমান মাসে আদায় হার ৯৪%। চলমান মাসে ক্রমপূঞ্জিত আদায়যোগ্য ২,৫০,১০,৪৫০/- টাকা, চলমান মাসে ক্রমপূঞ্জিত আদায়কৃত ২,২১,৩১,৮৬৬/- টাকা, আদায় হার ৮৮%। চলমান মাসে ঋণ বিতরণ- নাই। দাপ্তরিক অন্যান্য কাজকর্ম স্বাভাবিক।<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) প্রকল্পের আওতায় “মোটর বাইক ও ইজিবাইক চালকদের ট্রাফিক আইন” বিষয়ে বাস্তবায়িত প্রশিক্ষণ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদন করা হয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) লক্ষ্যমাত্রানুযায়ী ঋণ আদায়, সঞ্চয় আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রশিক্ষণ সুষ্ঠু, সুন্দর ও সুশৃঙ্খলভাবে সম্পাদনের জন্য যুব উন্নয়ন কর্মকর্তা পানছড়ি কে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পানছড়ি। |
| ১৮ | **খাদ্য অধিদপ্তর:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, খাদ্য গুদামে ৬০১.০০০ মে: টন (আতপ) চাল, ৫৪০.০০০ মে: টন (সিদ্ধ) চাল ও ৬৮.০০০ মে. টন গম এবং ২০.০০০ মে: টন ধান মজুদ আছে মর্মে সভায় উপস্থাপন করেন। | পর্যাপ্ত পরিমাণে খাদ্য গুদামে খাদ্য মজুদ রাখার জন্য খাদ্য নিয়ন্ত্রক, পানছড়ি কে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পানছড়ি। |
| ১৯ | **বন বিভাগ :** তাঁর বিভাগের কার্যপত্র দাখিল না করায় এ বিভাগ সর্ম্পকে সভার কার্যবিবরণীতে অর্ন্তভূক্ত করা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, পানছড়ি। |
| ২০ | **আনসার ও ভিডিপি বিভাগ :** উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগের আনসার সদস্যরা উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিরাপত্তা বিধানসহ সেনাবাহিনী, বিজিবি ও পুলিশের সাথে সমন্বয় করে অত্র উপজেলার আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে তৎপর আছেন। আগামী ১১ মে, ২০২২খ্রি: তারিখ সদর দপ্তর, | (ক) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) সরেজমিন তদন্ত পূর্বক তাঁর দাপ্তরিক অফিসের যাতায়াতের রাস্তা ও টয়লেট ০২টি সংস্কারের বিষয়টি বিবেচনা পূর্বক প্রয়োজনীয় | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | বাংলাদেশ আনসার ও গ্রামপ্রতিরক্ষা বাহিনী কর্তৃক অত্র উপজেলায় উপজেলা সমাবেশ হওয়ার তারিখ নির্ধারিত হয়েছে বিধায় উক্ত তারিখে উপজেলা অডিটোরিয়ামটি প্রয়োজন। তাছাড়া উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় পানছড়ি এর যাতায়াত রাস্তাটি ও অফিসের ওয়াশরুম ২টি জরুরী ভিত্তিতে সংস্কার করার প্রয়োজনীয়তা রয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। | ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পানছড়ি কে অনুরোধ করা হয়। | |
| ২১ | **পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প):** পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় সচিব মহোদয়ের নির্দেশক্রমে পানছড়ি ইউনিয়নভূক্ত বড় সাঁওতাল পাড়ায় (মডেল ভিলেজ) পাড়া কেন্দ্র স্থাপন কাজ চলমান আছে। উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশক্রমে পাড়াকর্মী নিয়োগ দেওয়া হবে। কোভিড-১৯ টিকা পাড়া পর্যায়ে প্রদানের ক্ষেত্রে পাড়াকর্মীরা নিরলসভাবে স্বাস্থ্য বিভাগকে সহায়তা প্রদান করছে এবং টিকা গ্রহণের হার সন্তোষকজনক। | (ক) বড় সাঁওতাল পাড়ায় (মডেল ভিলেজ) পাড়া কেন্দ্র স্থাপন কাজ দ্রুত সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।<br>(খ) স্থাপিত পাড়া কেন্দ্রে দ্রুত পাড়া কর্মী নিয়োগ প্রদানের বিষয়ে পরবর্তী ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>(গ) পাড়া পর্যায়ে কোভিড-১৯ টিকা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট পাড়াকর্মীর নিরলসভাবে সহযোগিত প্রদানের জন্য ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রকল্প ব্যবস্থাপক (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প) পানছড়ি। |
| ২২ | **পল্লী সঞ্চয় ব্যাংক:** পল্লী সঞ্চয় ব্যাংকের প্রকল্প সমন্বয়কারী জানান যে, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৫৭৬.৫৩ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৫৫৫.০৯ টাকা এবং ক্রমপূঞ্জিত সঞ্চয় আদায় ২৭.২০ টাকা মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী ঋণ আদায়, সঞ্চয় আদায় ও ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | প্রকল্প সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক, পানছড়ি। |
| ২৩ | **উপানুষ্ঠানিক শিক্ষা বুরো :** উপজেলা প্রোগ্রাম অফিসার সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | প্রোগ্রাম অফিসার উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, পানছড়ি। |
| ২৪ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প:** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, ৬টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পের মধ্যে ০২টি উপ-প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। (১) মোটর বাইক এবং ইজিবাইক চালকদের ট্রাফিক আইন বিষয়ক প্রশিক্ষণ; (২) মিশ্র মাছ চাষ এবং নার্সারী ব্যবস্থপনা বিষয়ক প্রশিক্ষণ।<br>তিনি আরো জানান যে, ৪র্থ বছরের অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্পগুলোর মধ্যে রাজকুমার পাড়াতে কোন প্রকার পানির লেয়ার না পাওয়াতে ৩নং পানছড়ি সদর ইউনিয়নের নাপিতা পাড়া গ্রামে সেই উপ-প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। চলতি মাসে (১) খড়গ পাড়ায় এবং (২) নাপিতা পাড়ায় সোলার প্যানেলের মাধ্যমে ডীপ টিউবওয়েল স্থাপন অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্পের বাস্তবায়ন কাজ সম্পন্ন হয়েছে যার ব্যয় যথাক্রমে ১৩,৩৪,৬২৮.৯১ টাকা এবং ১৭,৬৯,২৫৪.৫০ টাকা, মোট ব্যয়= ৩১,০৩,৮৮৩.০০ (একত্রিশ লক্ষ তিন হাজার আটশত তিরাশি) টাকা। কাজ সম্পন্ন করার | (ক) অবশিষ্ট ০৪টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br><br>(খ) সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক আবেদনকৃত বিল মাসিক সভায় অনুমোদনপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ইউজিডিপি কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। | ইউডিএফ, UGDP, LGD পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | প্রেক্ষিতে সংশ্লিষ্ট কাজের ঠিকাদার ৩১,০৩,৮৮৩.০০ (একত্রিশ লক্ষ তিন হাজার আটশত তিরাশি) টাকার বিল পাওয়ার জন্য আবেদন করেছেন।<br>৫ম বছরে জন্য অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প প্রস্তাবনা আগামী ৩০ এপ্রিল, ২০২২খ্রি: তারিখের মধ্যে প্রেরণের জন্য ইউজিডিপি কার্যালয় হতে পত্র প্রেরণ করা হয়েছে এবং নির্দিষ্ট তারিখের মধ্যে ৪র্থ বছরের অবকাঠামো উন্নয়নমূলক প্রকল্পের বিল ভাউচারসমূহ প্রেরণের নির্দেশনা রয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। | | |
| ২৫ | **তথ্য আপা প্রকল্প:** তথ্য সেবা কর্মকর্তা জানান যে, ব্যবসা, শিক্ষা, কৃষি, জেন্ডার, আইন, তথ্য প্রযুক্তি বিষয়ে ডোর টু ডোর সেবা গ্রহণকারীর সংখ্যা ৪৭৭ জন, তথ্যকেন্দ্রে সেবা গ্রহণকারীর সংখ্যা ১৭ জন। চলতি মাসে ৪টি উঠান বৈঠক সেবা গ্রহণকারীর সংখ্যা ১০০ জন। সর্বমোট ৫৫৪ জন কে সেবা প্রদান করা হয়েছে মর্মে উপস্থাপন করেন। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | (ক) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক প্রকল্পের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) লক্ষ্যমাত্রানুযায়ী নিয়মিত উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা, পানছড়ি। |
| ২৬ | **শিক্ষা ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে নারী ও কণ্যা শিশুর ক্ষমতায়ন প্রকল্প :** প্রকল্পের এডুকেশন ফ্যাসিলিটেটর জানান যে, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের আওতায় নারী ও কণ্যা শিশুর ক্ষমতায়ন প্রকল্পের আওতায় ০৯টি বিদ্যালয়ে স্বাস্থ্যসম্মতি টয়লেট নির্মাণ কাজ চলমান আছে। তালিকা নিম্নরূপ :<br>১. ধুদুকছড়া সর: প্রাথ: বিদ্যালয় ;<br>২. লোগাং উচ্চ বিদ্যালয়;<br>৩. পূজগাং মুখ সর: প্রাথ: বিদ্যালয়;<br>৪. পূজগাং মুখ উচ্চ বিদ্যালয়;<br>৫. পানছড়ি বাজার মডেল সর: প্রাথ: বিদ্যালয়;<br>৬. পানছড়ি বালিকা উচ্চ বিদ্যালয়;<br>৭. নালকাটা উচ্চ বিদ্যালয়;<br>৮. উল্টাছড়ি উচ্চ বিদ্যালয়;<br>৯. ছোট পানছড়ি (উত্তর) সর: প্রাথ: বিদ্যালয়; এছাড়া অত্র উপজেলায় ৩টি এডাল্ট লার্নিং সেন্টার স্থাপন করা হয়েছে এবং এডাল্ট লার্নিং সেন্টারগুলোতে সেন্টার ইনচার্জদের নিকট ল্যাপটপ ও প্রিন্টার মেশিন প্রদান করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) শিক্ষা দক্ষতা উন্নয়নের মাধ্যমে নারী ও কণ্যা শিশু ক্ষমতায়ন প্রকল্পের কাজ বিধি অনুযায়ী বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) এডাল্ট লার্নিং সেন্টার ইনচার্জদেরকে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা সহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | এডুকেশন ফ্যাসিলিটেটর শিক্ষা দক্ষতা উন্নয়নের মাধ্যমে নারী ও কণ্যা শিশু ক্ষমতায়ন প্রকল্প, পানছড়ি। |
| ২৭ | **বিবিধ :** উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী নির্বাহী কর্মকর্তাসহ অন্যান্য বিভাগীয় দপ্তরের কর্মকর্তারা জানান যে, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) সভায় উপস্থিত না থাকায় বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি সর্ম্পকে জানা গেল না। ফলে সভায় উপস্থিত সকলেই তার প্রতি অসন্তোষক প্রকাশ করেন। তাছাড়া বিগত ২৬শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস,২০২২খ্রি: অনুষ্ঠানেও অনুপস্থিত ছিলেন মর্মে সভায় উপস্থাপন করেন। | বিধি অনুযায়ী পরবর্তী ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, পানছড়ি, খাগড়াছড়ি। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায়  উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**(চন্দ্র দেব চাকমা)**
প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ, পানছড়ি।

স্মারক নং-০৫(১২)/২০১৭-                                        তারিখ-       /০৪/২০২২খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮নং আসন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
৭। সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮। জনাব/বেগম ..................................................... ভাইস চেয়ারম্যান, পানছড়ি উপজেলা পরিষদ।
৯। উপজেলা ............................................................... কর্মকর্তা, পানছড়ি, খাগড়াছড়ি।
১০। চেয়ারম্যান, লোগাং/চেঙ্গী/পানছড়ি/লতিবান/উল্টাছড়ি ইউ.পি. পানছড়ি, খাগড়াছড়ি।
১১। .........................................................................
.......................................................................... খাগড়াছড়ি পার্বত্য জেলা।

(রুবাইয়া আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, পানছড়ি।